



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০
www.cpa.gov.bd
নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০২/২০১৮

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহ্বান করছে :-

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল জাঃবেঃস্কেল-২০১৫	২০/৩/২০১৮ তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	রেডিও অপারেটর	০৪	টাঃ ১০২০০-২৪৬৮০/-	ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ্ব ৩০ বৎসর। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অনুর্ধ্ব ৩২ বৎসর।	এইচ এস সি (বিজ্ঞান) পাশসহ রেডিও যন্ত্রপাতি পরিচালনার ট্রেডে সনদ। অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং তাকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
২।	ইঞ্জিন চালক (লাইসেন্সড)	০৪	টাঃ ১২৫০০-৩০২৩০/-	ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ্ব ৪৫ বৎসর	ন্যূনপক্ষে ৮ম শ্রেণী পাসসহ ইনল্যান্ড ইঞ্জিনিয়ার সনদ।
৩।	ইঞ্জিনিয়ার ফ্রাফট	০৪	টাঃ ১২৫০০-৩০২৩০/-	ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ্ব ৩০ বৎসর। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অনুর্ধ্ব ৩২ বৎসর।	এস এস সি (বিজ্ঞান)সহ ইনল্যান্ড ইঞ্জিনিয়ারিং সনদ অবশ্যই থাকতে হবে। মেকানিক্যাল / মেরিন ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলী :

- আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট- jobsepa.org তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে;
- অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০ X ৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ২৫ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০ X ৮০ সাইজের স্বাক্ষর আপলোড করতে হবে;
- অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত তাঁর আবেদনের একাধিক প্রিন্ট কপি (হার্ড কপি) ও একই রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত সোনালী ব্যাংকের সোনালী সেবার পে-স্লীপ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় (পোর্ট শাখা, চট্টগ্রাম ব্যতিত) উক্ত পে-স্লীপ দিয়ে নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অংকের ফি ও ব্যাংক চার্জ পরিশোধ করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিটি গ্রহণযোগ্য নয়। নিয়োগ পরীক্ষার ফি ১০০/- (একশত) টাকা;
- প্রার্থীদের অন-লাইন আবেদনের কপি আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে;
- আবেদনকারী, প্রার্থীদেরকে অন-লাইন আবেদনের কপি, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কসশীট, জাতীয়তা সনদ, জাতীয় পরিচয় পত্র, প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, অভিজ্ঞতা সনদ প্রভৃতির সত্যায়িত কপি সংযুক্ত করে ১৫ (পনের) দিনের মধ্যে পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে। অবশ্যই খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে;
- প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে;
- নিয়োগের ব্যাপারে সরকারী বিধি অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষেত্রে সকল প্রকার কোটা অনুসরণ করা হবে;
- অন-লাইনে আবেদনপত্র পূরণ ও সাবমিট করতে কোন সমস্যার সম্মুখীন হলে hr@cpa.gov.bd ই-মেইল ঠিকানায় সমস্যাটির বিষয়ে যোগাযোগ করা যাবে;
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে;
- এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- অন লাইন আবেদন গ্রহণ শুরুর সময় : ২০/২/২০১৮ খ্রি;
- অন লাইন আবেদন গ্রহণের শেষ সময় : ২০/৩/২০১৮ খ্রিঃ রাত ১২-০০ টা পর্যন্ত;
- সোনালী ব্যাংক লিঃ এ ফি জমাদানের শেষ তারিখ : ২২/৩/২০১৮খ্রিঃ।

(সাদেক বেগম)
পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ